

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান অফিস
জলঢাকা, নীলফামারী

www.bbs.jaldhaka.nilphamari.gov.bd

স্মারক নং-৫২.০১.৭৩৩৬.০০০.০৪.০০৫.২০- ০৬


তারিখ : ১২ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্পের আওতায় জলঢাকা উপজেলায় তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার (শুমারিকর্মী) নির্বাচনের লক্ষ্যে লিখিত পরীক্ষা গ্রহণের কেন্দ্র ও সংশোধিত সময়সূচী সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক অনুষ্ঠিত ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা-২০২১ এর খানা তালিকাকরণ আগামী ফেব্রুয়ারি/২০২০ সময়ে এবং মূল শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম আগামী ০২-০৮ জানুয়ারি ২০২১ সময়ে অনুষ্ঠিত হবে। উক্ত প্রকল্পের তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচনের লক্ষ্যে জলঢাকা উপজেলায় আবেদনকৃত প্রার্থীদের লিখিত **পরীক্ষা আগামী ০৫ ফেব্রুয়ারি, ২০২০** খ্রিস্টাব্দ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকা থেকে ১১.৩০ ঘটিকা পর্যন্ত নিম্নে বর্ণিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

কেন্দ্রের নাম ও ঠিকানা	ইউনিয়ন/পৌরসভা	মন্তব্য
জলঢাকা সরকারি মডেল পাইলট উচ্চ বিদ্যালয় জলঢাকা, নীলফামারী	জলঢাকা উপজেলার সকল ইউনিয়ন এবং জলঢাকা পৌরসভা	-

রোল নম্বরসহ বৈধ প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জলঢাকা, নীলফামারীর ওয়েবসাইটে (www.jaldhaka.nilphamari.gov.bd), উপজেলা পরিসংখ্যান কার্যালয়, জলঢাকা, নীলফামারীর ওয়েবসাইটে (www.bbs.jaldhaka.nilphamari) , অফিসিয়াল ফেসবুক পেইজ- [facebook.com/uso.jaldhaka.gov.bd/](https://www.facebook.com/uso.jaldhaka.gov.bd/) ইউনিয়ন পরিষদ/পৌরসভার নোটিশ বোর্ডে (সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার তালিকা) আগামী ২৮/০১/২০২০ খ্রিস্টাব্দ তারিখ প্রকাশ/আপলোড করা হবে। প্রার্থীদের লিখিত পরীক্ষার জন্য আলাদা কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না। উক্ত বৈধ প্রার্থীদের তালিকা হতে নিজের নাম ও রোল নম্বর জেনে পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষার কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষার্থীদেরকে পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ/ফোন, অন্যান্য ইলেক্ট্রনিক ডিভাইস এবং অন্য কোন কাগজ নিয়ে প্রবেশ করা সম্পূর্ণ নিষেধ।


২৬/০১/২০
মো: সুজাউদ্দৌলা

উপজেলা নির্বাহী অফিসার
জলঢাকা, নীলফামারী

ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা-২০২১ এর
তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি

জলঢাকা, নীলফামারী
২৬/০১/২০২০